শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন
মিরপুর-২, ঢাকা
www.skt.gov.bd

নং-৩৮.০১.০০০০.০২০.০১.০৫২.১৮- ৮২

তারিখঃ ১৭ অগ্রহায়ণ ১৪২৬ বঃ
০১ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ

বিষয় ঃ মহান বিজয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন।

সূত্র ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬-১৪৫৯, তারিখ: ০৬ নভেম্বর ২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস-২০১৯ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিয় সভার কার্যবিবরণী এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত জাতীয় কর্মসূচির আলোকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তসমূহ নিম্নরূপ ঃ

- মহান বিজয় দিবসে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে। সকল কর্মচারীকে বিভিন্ন রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- (ক) এ মন্ত্রণালয়ের আওতাধীন অধিনস্থ দপ্তরসমূহের প্রধান কার্যালয়, বিভাগীয়, জেলা, উপজেলা কার্যালয়, সকল পিটিআই, প্রাথমিক বিদ্যালয়, আনন্দ স্কুল ও শিশু কল্যাণ ট্রাস্টের স্কুলসমূহ মহান বিজয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষ্যে সঠিক মাপ ও রংয়ের জাতীয় পতাকা উত্তোলন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কুচকাওয়াজ, ছাত্র-ছাত্রীদের সমাবেশ ও অন্যান্য অনুষ্ঠানে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল কর্মকর্তা, শিক্ষক ও শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং জাতীয় কর্মসূচি প্রণয়ন ও প্রতিপালনের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- সকল শিক্ষা প্রতিষ্ঠানে রচনা, বিতর্ক ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ মুক্তিযুদ্ধভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে।
- সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী কার্যক্রমে জনমত সৃষ্টির জন্য আলোচনা ও শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বিশেষ প্রার্থনা/দোয়া অনুষ্ঠানে যোগদান করতে হবে।

উপরিউক্ত সিদ্ধান্ত অনুযায়ী যথাসময়ে এবং যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস ২০১৯ উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(হাবিবুর রহমান)
পরিচালক (অতি: সচিব)
শিশু কল্যাণ ট্রাষ্ট

প্রধান শিক্ষক (সকল)
......................................
......................................

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২। জেলা প্রশাসক, ..........................................(সকল)
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতকরণার্থে)।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ...................................................... (সংশ্লিষ্ট)।
৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ............................................. (সংশ্লিষ্ট)।
৬। সংরক্ষণ কপি।